"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র
মহিলা বিষয়ক অধিদপ্তর
জিরাবো,সাভার,ঢাকা।
E-mail: atcdwa@gmail.com

পত্র প্রাপ্তি
নম্বর - ........................ তারিখ ........................
ওএস/সিএ-কাম ইউডিএ/সাঁটমুদ্রাক্ষরিক [illegible]
অফিস সহকারী ........................
........................ কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া।
জরুরী/অতিজরুরী/পেশ করুন।
নথিজাত করুন
উপজেলা নির্বাহী অফিসার
শাজাহানপুর, বগুড়া।

তারিখঃ ১৪/[illegible]/২০২১ খ্রিঃ।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.২৫.১২৫.২০২০(অংশ-৫)-৩১৮

## প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিকুলাম অনুযায়ী "মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র" নরসিংহপুর, জিরাবো, সাভার,ঢাকায় ৩৩ তম ব্যাচের (অক্টোবর-ডিসেম্বর/২০২১ সেশনে) প্রশিক্ষণার্থী ভর্তির জন্য দেশের যে কোন এলাকার ১৮ থেকে ৩৫ বৎসর বয়সের ভর্তি ইচ্ছুক মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### প্রশিক্ষণ কোর্সের বিবরণ ঃ

| ক্রঃ নং | ট্রেড কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা | প্রশিক্ষণের মেয়াদ | সর্বমোট আসন সংখ্যা | ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | বেসিক কম্পিউটার (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন) | এইচ.এস.সি পাশ/ তদুর্ধ্ব | ০৩ মাস | ২০ জন | ০৩/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকা। |
| ০২ | পেস্ট্রি এন্ড বেকারী প্রোডাকশন | অষ্টম শ্রেনী পাশ/ তদুর্ধ্ব | ০৩ মাস | ১৫ জন | |
| ০৩ | মাশরুম চাষ ও জৈব চাষাবাদ | অষ্টম শ্রেনী পাশ/ তদুর্ধ্ব | ০৩ মাস | ১০ জন | |
| ০৪ | ড্রেস মেকিং এন্ড টেইলরিং | অষ্টম শ্রেনী পাশ/ তদুর্ধ্ব | ০৩ মাস | ১৫ জন | |

### প্রশিক্ষণার্থীদের প্রদেয় সুযোগ সুবিধা সমূহ ঃ

০১। প্রশিক্ষণ কেন্দ্রে মনোরম পরিবেশে নিরাপত্তা সহকারে সম্পূর্ন বিনা/সরকারি খরচে প্রশিক্ষনার্থীদের আবাসিক ভাবে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে।

০২। প্রশিক্ষণার্থীদের মাসিক ভাতা হিসেবে ৩০০/-(তিন শত) টাকা প্রদান করা হয়।

০৩। জাতীয় মাশরুম উন্নয়ন ও সম্প্রাসারন কেন্দ্র,সাভার,ঢাকা,বাংলাদেশ পর্যটন কর্পোরেশন,ঢাকা ও মহিলা বিষয়ক অধিদপ্তরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের অভিজ্ঞ নিয়মিত/অতিথি প্রশিক্ষকদের দ্বারা উল্লেখিত ট্রেডে প্রশিক্ষণ প্রদান ও মূল্যায়ন পরীক্ষা নেয়া হয়।

০৪। প্রশিক্ষণার্থীদের নির্বাচিত ট্রেডের পাশাপাশি সচেতনতা বৃদ্ধি ও কৃষি চাষের উপর রুটিন মাফিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

০৫। প্রশিক্ষণ শেষে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক সনদপত্র প্রদান করা হয়।

০৬। উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের জন্য জাপানে যাওয়ার সুযোগ সহ প্রতি ব্যাচে শিক্ষা সফরের ব্যবস্থা রয়েছে।

### ভর্তির নিয়মাবলী/শর্তাবলী ঃ

০১। প্রশিক্ষণ কোর্সের বিবরণ অনুযায়ী ভর্তি ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্র সহ বিজ্ঞপ্তিতে প্রকাশিত তারিখ ও সময় অনুযায়ী মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, নরসিংহপুর (গ্যারেজ),জিরাবো,সাভার,ঢাকায় নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে নির্বাচনের দিন হতে প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থান করতে হবে।

০২। আবেদনকারীকে সাদা কাগজে ০৪ টি ট্রেড কোর্সের মধ্যে পছন্দক্রম উল্লেখ করে নিজের নাম, পিতার নাম,স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, বৈবাহিক অবস্থা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, অভিভাবকের নাম ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র ,নরসিংহপুর (গ্যারেজ),জিরাবো,সাভার, ঢাকা বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/atcdwa@gmail.com ই-মেইলে/সরাসরি আবেদন পৌছানো যাবে। কুরিয়ার সার্ভিসের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মোবাইল নং ০১৭১২১৯৫৬৫৯ উল্লেখ করতে হবে। সকল প্রশিক্ষণার্থীকে সরাসরি ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য দরখাস্তসহ ০৩/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকার পূর্বেই উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে অবশ্যই উপস্থিত হতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/মার্কশিট,জন্ম নিবন্ধন সনদ,নাগরিকত্ব সনদ ও ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি (সকল কাগজপত্র সত্যায়িত করে) জমা দিতে হবে। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে।

০৪। কোন চাকুরীরত,অধ্যয়নরত ছাত্রী,ছোঁয়াচে বা সংক্রামক রোগে আক্রান্ত অথবা অন্তঃসত্ত্বা মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৫। বিস্তারিত জানার জন্য নিম্ন স্বাক্ষরকারীর মোবাইল নং-০১৭১২১৯৫৬৫৯, ০১৭১৩৮০৮৭৮৪ অথবা ০১৯২৫০০৫৬৮১ তে যোগাযোগ করা যেতে পারে।

০৬। ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য আলাদা কোন কার্ড এবং টি.এ/ ডি.এ প্রদান করা হবে না।

১৪.০৭.২০২[illegible]
(মিনু পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র
জিরাবো,সাভার, ঢাকা।
☎ঃ ০১৭১২১৯৫৬৫৯

Scanned with CamScanner

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র
মহিলা বিষয়ক অধিদপ্তর
জিরাবো,সাভার,ঢাকা।
E-mail: atcdwa@gmail.com

মুজিব শতবর্ষ

স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.২৫.১২৫.২০২০(অংশ-৫)-৩১৯

তারিখ ঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ।

বিষয় ঃ মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো,সাভার,ঢাকা-তে প্রশিক্ষণার্থী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ও কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদিত কারিকুলাম অনুযায়ী মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকায় ০১। বেসিক কম্পিউটার (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন) ০২। পেস্ট্রি এন্ড বেকারী প্রোডাকশন ০৩। মাশরুম চাষ ও জৈব চাষাবাদ (Organic Cultivation) ০৪। ড্রেস মেকিং এন্ড টেইলারিং ট্রেডে আবাসিক প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়।গ্রামের শিক্ষিত ও অর্ধ শিক্ষিত নারীরা এ ০৫ টি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে আত্মনির্ভরশীল হতে পারে। প্রশিক্ষণার্থীদের নির্বাচিত ট্রেডের পাশাপাশি সচেতনতা বৃদ্ধি, জৈব চাষাবাদ ও কৃষি চাষের উপর রুটিন মাফিক প্রশিক্ষণ প্রদান করা হয়। এ সকল প্রশিক্ষণার্থীদের বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা,সরকারিভাবে থাকা ও খাওয়ার সুব্যবস্থাসহ মাসিক ৩০০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়। আগামী ০৩/১০/২০২১ খ্রিঃ তারিখ থেকে উল্লেখিত কোর্সসমূহে ৩৩ তম ব্যাচের(অক্টোবর-ডিসেম্বর/২০২১ সেশনে) প্রশিক্ষণার্থী ভর্তি ও প্রশিক্ষণ শুরু হবে। প্রতিটি জেলা/উপজেলা হতে প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী কমপক্ষে ০২ জন করে প্রশিক্ষণার্থী প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ ছাড়া ভর্তি বিজ্ঞপ্তিটি দেশের প্রতিটি জেলা/উপজেলা/ইউনিয়ন পরিষদ নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ নিবন্ধিত মহিলা সমিতি এবং এনজিওদের মাঝে ব্যাপক প্রচারের জন্যও অনুরোধ রইল।

সংযুক্তি ঃ প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তি।

বিতরণ : (সদয় কার্যার্থে)

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।

———————— উপজেলা, ---------------------- জেলা।

০২। উপজেলা নির্বাহী অফিসার

গাবতলী ———— উপজেলা, বগুড়া -------- জেলা।

০৩। উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,

———————— জেলা।

০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

———————— উপজেলা, ---------------------- জেলা।

১৪.০৯.২০২১
(মিনু পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র
জিরাবো,সাভার, ঢাকা।
☎ঃ ০১৭১২১৯৫৬৫৯।

বিতরণ ঃ (সদয় জ্ঞাতার্থে)

১। পরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
২। জেলা প্রশাসক (সকল), জেলা ......................................।
৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
৪। অফিস কপি।

কেবল মাত্র রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত হইবে

মহিলা বিষয়ক অধিদপ্তর

বাংলাদেশ ৳৫ CURZON HALL BANGLADESH ৳৫

Scanned with CamScanner